# সফটওয়্যারের কারুকাজ

## বিরক্তিকর অফিস অ্যাড সাইলেন্স করা

উইন্ডোজ ১০-এর এক বা একাধিক বিরক্তিকর বিষয় হলো, মাঝে-মধ্যে অ্যাড পপআপ করা এবং অফিসের জন্য প্রমোশনাল অফার প্রদর্শন করা, এমনকি অফিস স্যুট ইনস্টল করা থাকলেও। তবে উইন্ডোজ ১০-এ আপনি খুব সহজেই বিরক্তিকর মাইক্রোসফট অফিস অ্যাড বন্ধ করতে পারবেন।

নোটিফিকেশন বন্ধ করার সবচেয়ে সহজ উপায় হলো স্টার্ট মেনুর একটি অ্যাপে ডান ক্লিক করে Uninstall সিলেক্ট করা। বিকল্প হিসেবে যদি কোনো কারণে অ্যাপ রেখে দিতে চান, তাহলে সেটিংয়ের গভীরে অ্যাক্সেস করে দেখতে পারেন Settings→System→Notifications & Actions। এরপর Get Office থেকে নোটিফিকেশন ডিজ্যাবল করুন।

### টাস্ক ভিউ এবং ভার্চুয়াল ডেস্কটপ

উইন্ডোজ ১০-এর অন্যতম সেরা বিষয় হলো কীভাবে ভার্চুয়াল ডেস্কটপ হ্যান্ডেল করা যায়। আসল কথা হলো, এটি বক্সের বাইরে সবকিছু হ্যান্ডেল করতে পারে। যেহেতু ম্যাক ওএস এক্স এবং লিনআক্স ব্যবহারকারীরা দীর্ঘদিন ধরে এ ধরনের ক্ষমতার অধিকারী।

আপনার ডেস্কটপে এক সিরিজ টাস্ক ও উইন্ডোজ সেটআপ করতে পারবেন, আপনার ই-মেইল এবং টুইটার আরেক উইন্ডোতে এবং সাধারণ ওয়েব ব্রাউজিং ও রিসার্চের জন্য তৃতীয় আরেকটি উইন্ডোতে সেট করতে পারবেন। কাজ শুরু করার জন্য সার্চ বক্সের ডান দিকে টাস্কবারে Task View আইকনে ক্লিক করুন অথবা উইন্ডো কী চেপে ধরে Tab করুন। আপনি ইচ্ছে করলে নতুন ভার্চুয়াল ডেস্কটপে একটি অ্যাপ ড্র্যাগ করে নিচে ডানপ্রান্তে এনে রাখতে পারেন + New Desktop অপশনের মাধ্যমে।

### ডেস্কটপকে অধিকতর স্টাইলিশ করা

উইন্ডোজ ১০-এর ডেস্কটপকে উইন্ডোজের আগের যেকোনো ভার্সনের তুলনায় অধিকতর পার্সোনালাইজ করা যায়। এজন্য Start→Settings→Personalization→Colors অপশনে মনোনিবেশ করুন এবং Show color on taskbar and Start Menu বেছে নিন। আপনি ইচ্ছে করলে ওয়ালপেপার থেকে একটি কালার বেছে নিতে পারেন। এটি প্রয়োগ করতে পারেন ওপেন অ্যাপে এবং অপসারণ করতে পারেন অস্বচ্ছ অপশন।

### আনসেভ ওয়ার্ড ডকুমেন্ট খুঁজে পাওয়া

ঘন ঘন বিদ্যুৎ বিভ্রাটের কারণে অনেক সময় আমরা ওয়ার্ডের ডকুমেন্টকে সেভ করতে পারি না। যথাসময়ে সেভ না করার কারণে আপনার ডকুমেন্ট যে চিরতরে হারিয়ে যাবে, তা কিন্তু নয়। কেননা ওয়ার্ডে রয়েছে একটি অটো-সেভ ফিচার, তবে এক সময় এই ডকুমেন্টকে রিকোভারি প্যানে খুঁজে পাওয়া যাবে না, যখন আপনি ওয়ার্ড ওপেন করবেন। এমন অবস্থা হতে পারে যদি অনাকাঙ্ক্ষিতভাবে কমপিউটারকে শাটডাউন করা হলে অথবা দুর্ঘটনাক্রমে ডকুমেন্ট বন্ধ করার সময় 'Don't Save'-এ ক্লিক করা হলে। তবে যাই হোক, নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করে ওয়ার্ড ফাইলকে রিকোভার করতে পারবেন।

কীবোর্ডের উইন্ডোজ কী ব্যবহার করে উইন্ডোজ স্টার্ট মেনুতে যান।

File Explorer-এ ক্লিক করুন।

বাম দিকের মেনু থেকে This PC বেছে নিন।

সার্চ বারে .asd টাইপ করুন।

এবার কীবোর্ডে Enter চাপুন। এর ফলে কমপিউটার মিসিং ফাইলকে আপনার সামনে নিয়ে আসবে। এবার ফাইলে ক্লিক করুন যখন ওয়ার্ড ওপেন হবে।

**জামিল আহমেদ**
*দক্ষিণ মুগদা, ঢাকা*

## প্রাইভেসি সেটিং কনফিগার করা

উইন্ডোজ ১০ প্রথম সেটিংয়ের সময় Custom ইনস্টল যেনো সিলেক্ট করা থাকে, তা নিশ্চিত করুন। এর ফলে আপনি প্রাইভেসি সেটিং মডিফাই করতে পারবেন Express ইনস্টল ছাড়াই। যদি ইতোমধ্যে এক্সপ্রেস ইনস্টল করে থাকেন, তাহলেও চিন্তিত হওয়ার কিছুই নেই। কেননা, আপনি সব সেটিংয়ে তা ফিক্স করতে পারবেন। অন্যথায় আপনাকে প্রাইভেট ডাটা শেয়ারিংয়ে সম্মতি জ্ঞাপন করতে হবে। এ ক্ষেত্রে উইন্ডোজ ৭ এবং ৮ ব্যবহারকারীদের জন্য উইন্ডোজ ১০ ফ্রি। লক্ষণীয়, উইন্ডোজ ১০ একটি ফ্রি প্রোডাক্ট নয়। সুতরাং, পার্সোনাল ডাটা শেয়ার করার কোনো কারণই নেই।

### ব্যাটারি সেভার

যদি আপনি একজন ল্যাপটপ ব্যবহারকারী হয়ে থাকেন এবং আপনার ব্যাটারি অল্প শক্তিতে রান করতে থাকে, সে ক্ষেত্রে উইন্ডোজ ১০ যথেষ্ট স্মার্ট ব্যাকগ্রাউন্ড সার্ভিস এবং অন্যান্য থ্রেড নিয়ন্ত্রণের ব্যাপারে যাতে আপনার মেশিনের ব্যাটারির আয়ু শেষ বিট পর্যন্ত দৃঢ়ভাবে আঁকড়ে ধরতে পারে। এজন্য Battery Saver ফিচারকে অ্যানাবল করার জন্য স্টার্ট মেনুতে ক্লিক করুন এবং Settings→System →Battery Saver-এ মনোনিবেশ করুন।

### উইন্ডোজ ১০-এ সলিটেয়ার ফেরানো

উইন্ডোজ ৮-এ উইন্ডোজ স্টোর থেকে সলিটেয়ারকে দূর করা হয়েছিল, যা উইন্ডোজ ১০-এ আবার ফিরিয়ে আনা হয়েছে। তবে তা খুঁজে পেতে আপনাকে কিছুটা কৌশলী হতে হবে।

সলিটেয়ারকে আপনি স্টার্ট মেনুতে খুঁজে পাবেন না। পুরনো Start→Programs→ Accessories→Games স্টাম্পিং গ্রাউন্ডেও খুঁজে পাওয়া যাবে না উইন্ডোজ ১০-এ। স্টার্ট মেনুর All Apps সেকশনে সলিটেয়ারকে খোঁজ করেও আশানুরূপ ফল পাওয়া যায় না। কেননা, গেমকে অফিসিয়ালি বলা হয় 'Microsoft Solitaire Collection Preview'। সুতরাং আপনি সলিটেয়ারকে খুঁজে পাবেন All Apps-এ বা Solitaire সার্চ করলে এটি ঠিক পপআপ করবে।

**জাফর ইকবাল**
জিন্দাবাজার, সিলেট

## আপনার কমপিউটারকে কথা বলানো

সিনেমার মতো আপনি যা ইনপুট দেবেন যদি তাই আপনার কমপিউটার পড়ে শোনায়, অর্থাৎ কথা বলে, তাহলে কেমন হবে ভাবুন তো! চলুন জেনে নেই কীভাবে আপনার কমপিউটারকে কথা বলানো যায়।

কথা বলানোর স্ক্রিপ্ট বানাতে নিচের ধাপগুলো অনুসরণ করুন–

০১. নোটপ্যাড খুলুন।

০২. নিচের কোডটি ঠিক যেমন আছে, তেমন কপি পেস্ট বা হুবহু লিখুন।

```
Dim Message, Speak
Message=InputBox("Enter text","Speak")
Set Speak=CreateObject("sapi.spvoice")
Speak.Speak Message
```

০৩. ফাইল মেনুতে ক্লিক করে ফাইলটি সেভ করুন Speak.vbs অথবা *.vbs এক্সটেনশন ব্যবহার করে।

০৪. সেভ হওয়া ফাইলে ডাবল ক্লিক করলে একটি উইন্ডো ওপেন হবে, কিছু টেক্সট দিয়ে ওকে বাটন চাপুন।

আপনার কমপিউটার এখন কথা বলতে শুরু করবে চার নম্বর ধাপে আপনি যা লিখেছেন সে অনুযায়ী।

**আনোয়ার হোসেন**
*লালবাগ, ঢাকা*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে– **জামিল আহমেদ, জাফর ইকবাল ও আনোয়ার হোসেন।***